**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 10.12.2024 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ ধর্মের ভিত্তিতে সংরক্ষণ পাওয়া উচিত নয় বলে, রাজ্যে OBC শংসাপত্র বাতিলের বিরুদ্ধে মামলার শুনানিতে সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ।

২/ কাঁথির সমবায় ব্যাঙ্কের নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের নির্দেশ শীর্ষ আদালতের।

# সকলকে ঐক্যবদ্ধ হয়ে নির্বাচনে লড়াইয়ের কথা বলেছেন মুখ্যমন্ত্রী।

৩/ জগন্নাথ মন্দিরের কাজের অগ্রগতি খতিয়ে দেখা সহ বিভিন্ন কর্মসূচি নিয়ে মুখ্যমন্ত্রী আজ পূর্ব মেদিনীপুর যাচ্ছেন।

৪/ ১০ পড়ুয়াকে অভয়ার নামে বৃত্তি দেওয়ার কথা ঘোষণা করেছে 'ওয়েস্ট বেঙ্গল ডক্টরস ফোরাম'।

৫/ ক্ষুদ্র, মাঝারি ও ছোট শিল্পে উত্তরবঙ্গের আরও তিন জেলা থেকে ৯০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে।

৬/ পুর এলাকায় সম্পত্তি কর নির্ধারণ ও আদায়ের ক্ষেত্রে স্বচ্ছতা আনতে রাজ্য বিধানসভায় পুর নিগম আইনের দু'টি সংশোধনী গৃহীত হয়েছে।

*************************************************************************

ধর্মের ভিত্তিতে সংরক্ষণ পাওয়া উচিত নয় বলে, রাজ্যে OBC শংসাপত্র বাতিলের বিরুদ্ধে মামলার শুনানিতে সুপ্রিম কোর্ট পর্যবেক্ষণে জানিয়েছে। বিচারপতি BR গাভাই এবং বিচারপতি KV বিশ্বনাথনের বেঞ্চে গতকাল এই মামলার শুনানি হয়।

রাজ্যের আইনজীবি কপিল সিব্বাল বলেন, ‘রঙ্গনাথ কমিশন’ মুসলিমদের সংরক্ষণের সুপারিশ করেছিল। কলকাতা হাইকোর্টের নির্দেশে ১২ লক্ষ OBC শংসাপত্র বাতিল হয়েছে। এরাজ্যের মোট বাসিন্দার ২৮ শতাংশ সংখ্যালঘু। তার মধ্যে ২৭ শতাংশ মুসলিম। অন্ধ্রপ্রদেশের একটি রায়কে সামনে রেখে হাইকোর্ট শংসাপত্র বাতিলের নির্দেশ দিলেও সেরাজ্যে ওই রায় আপাতত স্থগিত রয়েছে বলে কপিল সিব্বাল জানান। এই প্রসঙ্গেই বেঞ্চ জানান, ‘শুধুমাত্র ধর্মের ভিত্তিতে কারো সংরক্ষণ পাওয়া উচিত নয়’। রাজ্যের তৈরী সংরক্ষণের তালিকা নিয়েও প্রশ্ন তোলেন সর্বোচ্চ আদালত।

মামলাকারীদের আইনজীবি PS পাটোয়ালিয়া সওয়াল করেন, হাইকোর্ট তার রায়ে বলেছে, অন্যান্য অনগ্রসর শ্রেণীর তালিকা তৈরীর ক্ষেত্রে কোনো সমীক্ষা এবং নির্দিষ্ট তথ্য ছাড়াই OBC ঘোষণা করা হয়েছে।

হাইকোর্টের রায়ের ওপর কোনো স্থগিতাদেশ দেয়নি সুপ্রিম কোর্ট।

আগামী বছর জানুয়ারীতে মামলার পরবর্তী শুনানি।

**************************

কাঁথির সমবায় ব্যাঙ্কের নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। কারচুপি রুখতে প্রতিটি বুথে লাগাতে হবে সিসি ক্যামেরাও। আগামী ১৫ই ডিসেম্বর কাঁথি কো-অপারেটিভ ব্যাঙ্কে নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে ওইদিন সর্বভারতীয় স্তরে পরীক্ষা থাকার কারণ দেখিয়ে ভোটগ্রহণ কেন্দ্র বদলের সিদ্ধান্ত নেয় রাজ্য সরকার। সেই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন এগরার প্রাক্তন পুরপ্রধান শংকর বেরা। সেই মামলার শুনানিতে গতকাল এই নির্দেশ দেয় শীর্ষ আদালত।

সুপ্রিম কোর্টের নির্দেশের পরই বিধানসভায় নিজের কক্ষে পূর্বমেদিনীপুরের বিধায়কদের নিয়ে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সমবায় নির্বাচনে রামনগরের বিধায়ক অখিল গিরিকে দেওয়া হয়েছে বিশেষ দায়িত্ব। বৈঠকে মুখ্যমন্ত্রী সকলকে ঐক্যবদ্ধ হয়ে নির্বাচনে লড়াইয়ের নির্দেশ দেন।

এদিকে, সমবায় ভোটেও আধা সামরিক বাহিনী মোতায়েন রাজ্যের পক্ষে অত্যন্ত লজ্জার বলে কটাক্ষ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

(বাইট- শুভেন্দু )

অন্যদিকে, যারা গন্ডগোল বাধাচ্ছে, তারাই আবার কেন্দ্রীয় বাহিনী চাইছে বলে পাল্টা দাবি করেছেন তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ।

(বাইট- কুণাল )

************************

জগন্নাথ মন্দিরের কাজের অগ্রগতি খতিয়ে দেখা সহ বিভিন্ন কর্মসূচি নিয়ে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ পূর্বমেদিনীপুর জেলা সফরে যাচ্ছেন। কলকাতা থেকে আকাশপথে দীঘায় পৌঁছে জেলার দলীয় বিধায়কদের সঙ্গে বৈঠকের কর্মসূচী রয়েছে তাঁর ।

আগামীকাল তিনি জগন্নাথ মন্দিরের কাজ পরিদর্শন করবেন। কথা বলবেন দায়িত্বপ্রাপ্ত ইঞ্জিনিয়ার এবং হিডকোর আধিকারিকদের সঙ্গে। ‘জল জীবন মিশন’, ‘আবাস যোজনা’ সহ বিভিন্ন সরকারি প্রকল্পগুলিতে মানুষ সঠিকভাবে পরিষেবা পাচ্ছেন কি না, সেই বিষয়েও তিনি খোঁজ খবর নেবেন বলে সূত্রের খবর ।

বুধবারই তাঁর কলকাতায় ফেরার কথা।

************************

R G কর মেডিক্যাল কলেজ হাসপাতালে নিহত চিকিৎসক পড়ুয়ার প্রতি সম্মান জানিয়ে ‘অভয়া WBDF স্কলারশিপ’ প্রোগ্রাম চালু হচ্ছে।

‘ওয়েস্ট বেঙ্গল ডক্টরস ফোরাম’- WBDF এর তরফে গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে একথা ঘোষণা করা হয়।

৫ মেধাবী ছাত্রছাত্রী, যারা এমবিবিএস-এ ভর্তি হয়েছেন এবং যারা মাধ্যমিক পাশ করে উচ্চশিক্ষার পথে যাত্রা শুরু করতে চলেছে এমন ৫ জনকে বার্ষিক এই বৃত্তি প্রদান করা হবে। মেধা ও আর্থ সামাজিক অবস্থা দুইয়ের ভিত্তিতে ছাত্রছাত্রীদের বেছে নেবে একটি কমিটি।

************************

আরজি করে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার ৪ মাস পূর্ন হলেও এখনও বিচার না মেলায় গতকাল জুনিয়ার ডাক্তাররা ফের পথে নামেন। আর জি কর মেডিকেল কলেজ থেকে শুরু হয়ে শ্যামবাজার পর্যন্ত এই মিছিলে পা মেলান সিনিয়র চিকিৎসকরাও। প্রভাবশালীরা এই ঘটনায় জড়িয়ে রয়েছে বলেই ন্যায়বিচার পেতে দেরি হচ্ছে বলে জুনিয়র চিকিৎসক আসফাকুল্লা নাইয়া।

(বাইট- আসফাকুল্লা নাইয়া )

অন্যদিকে, **সুপ্রিম কোর্টে** আজ ফের RG KAR মামলার **শুনানি** হতে পারে বলে সূত্রের খবর। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না, বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে তদন্তের অগ্রগতির 'সপ্তম স্টেটাস রিপোর্ট' জমা দেওয়ার কথা CBI-এর।
প্রধান বিচারপতি হিসেবে এই প্রথম মামলাটি শুনবেন বিচারপতি খান্না।

*************************

সাগর দত্ত মেডিক্যাল কলেজ হাসপাতালে থ্রেট কালচারের অভিযোগে সাসপেন্ড হওয়া **১১** জন চিকিৎসক-পড়ুয়াকে শর্তসাপেক্ষে কলেজে ক্লাস করার অনুমতি দিয়েছে কলকাতা হাই কোর্ট।
বিচারপতি জয় সেনগুপ্তের বেঞ্চ গতকাল জানিয়েছে, ওই **১১** জনকে মুচলেকা দিয়ে জানাতে হবে যে, তাঁরা ভবিষ্যতে কলেজে কোনও ধরনের বিশৃঙ্খলা সৃষ্টি করবেন না। তবেই তাঁরা ক্লাস করতে পারবেন। পাশাপাশি, ওই **১১** জনের বিরুদ্ধে দায়ের হওয়া দু'টি মামলার তদন্ত ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের নজরদারিতে হবে বলে জানিয়েছে আদালত।

*************************

ক্ষুদ্র, মাঝারি ও ছোট শিল্পে উত্তরবঙ্গের আরও তিন জেলা থেকে ৯০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে।
জলপাইগুড়ির বাতাবাড়ি ট্যুরিস্ট লজে আয়োজিত সিনারজি কনক্লেভে **জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারের** প্রায় ৫০০ শিল্পদ্যোগী অংশ নেন। সেখানেই তারা এই বিনিয়োগের প্রস্তাব দিয়েছেন বলে সরকারিভাবে জানানো হয়েছে। এই তিন জেলায় শিল্পের উন্নয়নে গত এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন শিল্প

উদ্যোগীকে ৩ হাজার ৭৬৪ কোটি টাকা ব্যাংক ঋণ দেওয়া ছাড়াও রাজ্য সরকারের বাংলাশ্রী প্রকল্পে ১০১ টি ইউনিটকে ভর্তুকি বাবদ ২৬ কোটি ৪৮ লক্ষ টাকা ছাড় দেওয়া হয়েছে। এছাড়াও ভবিষ্যৎ ক্রেডিট কার্ড প্রকল্পে ব্যাঙ্ক ঋণ বাবদ ৫৬ কোটি ৪২ লক্ষ টাকা দেওয়া হয়েছে বলে এক বিবৃতিতে নবান্ন জানিয়েছে।

এর আগে গত শনিবার মালদা কলেজ অডিটোরিয়ামে আয়োজিত সিনারজি কনক্লেভে মালদা এবং দুই দিনাজপুর থেকে ৮০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব আসে।

*************************

রাজ্যে পুর এলাকায় সম্পত্তিকর নির্ধারণ ও আদায়ের ক্ষেত্রে পুরোপুরি স্বচ্ছতা আনতে ১৯৯৩-এর রাজ্য পুর আইন এবং ২০০৬-এর পুর নিগম আইনের দু'টি সংশোধনী রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে। এই সংশোধনের ফলে শহর ও মফস্বল এলাকায় সম্পত্তি কর নির্ধারণ প্রক্রিয়া বিজ্ঞানসম্মত এবং প্রযুক্তি নির্ভর হয়ে উঠবে বলে সরকার পক্ষের দাবি। বিল দুটির উপর আলোচনা শেষে জবাবী ভাষণে পুরমন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, এই ব্যবস্থা রাজ্যের বাকি পুর এলাকায় কলকাতার ধাঁচে ইউনিট এরিয়া অ্যাসেসমেন্ট চালু করার প্রথম ধাপ। সংশোধনীতে পুরনিগম, পুরসভা ও শিল্পনিগরীতে সম্পত্তির মূল্য প্রতি পাঁচ বছর অন্তর ১০ শতাংশ হারে বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। তবে সম্পত্তির মূল্যমান কমলে একইভাবে তারা কর ছাড়েরও সুযোগ পাবেন বলে মন্ত্রী জানান। আয়করের মত করদাতা নিজেই নিজের সম্পত্তির স্ব-মূল্যায়ন করতে পারবেন এবং কর দিতে পারবেন। তবে কোনও ব্যক্তি যদি নির্দিষ্ট সময়ে তাঁর সম্পত্তির সেলফ-অ্যাসেসমেন্ট না করেন অথবা তথ্য গোপন করেন, তা হলে সেই ব্যক্তি পরিকল্পিত ভাবে এই কাজ করেছেন বলে চিহ্নিত করা হবে। এর জন্য তাঁকে নির্ধারিত করের সাপেক্ষে সর্বোচ্চ ৩০ শতাংশ হারে জরিমানা দিতে হবে।

এদিকে, পাহাড়ের তিন পুরসভায় খুব শীঘ্রই নির্বাচন হবে বলে রাজ্য সরকার জানিয়েছে। পুরমন্ত্রী ফিরহাদ হাকিম আজ বিধানসভায় প্রশ্ন উত্তর পর্বে বলেন কালিম্পং, কার্শিয়াং ও মিরিক পুরসভায় খুব শীঘ্রই ভোট গ্রহণের পরিকল্পনা করা হয়েছে।

*************************

সংশোধনের পরেও রাজ্যের বহু এলাকায় ভোটার তালিকায় ইচ্ছাকৃতভাবে মৃত বা এলাকা থেকে অন্যত্র চলে যাওয়া ব্যক্তির নাম রেখে দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।

এক্ষেত্রে বুথ স্তরের আধিকারিকদের কাজে গাফিলতিকেই দায়ী করেছেন তিনি। বিধানসভায় গতকাল এই নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে মুখ্যমন্ত্রী, অভিযুক্তদের চিহ্নিত করে দ্রুত তাদের বিরুদ্ধে রিপোর্ট জমা দেওয়ার জন্য মুখ্যসচিব মনোজ পন্থকে নির্দেশ দেন।

কাদের স্বার্থে আধিকারিকরা তালিকায় ভুয়ো নাম রেখে দিচ্ছেন সেই প্রশ্নও তোলেন তিনি।

*************************

'জল জীবন মিশন' প্রকল্পে রাজ্যের ৯০ লক্ষ বাড়িতে জল পৌঁছেছে কিনা তা খতিয়ে দেখতে রাজ্য সরকার একটি নিরপেক্ষ সংস্থাকে দিয়ে সমীক্ষা করানোর সিদ্ধান্ত নিয়েছে।

প্রকল্পের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল বিধানসভায় জেলা শাসক, পুলিশ সুপার, বিভিন্ন দপ্তরের মন্ত্রী এবং আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে তিনি বলেন, সমীক্ষার কাজের উপর পুলিশ নজরদারি চালাবে। পাশাপাশি প্রতিটি বাড়িতে দ্রুত পরিশ্রুত পানীয় জল পৌঁছে দিতে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয়ের উপর জোর দেন তিনি। বিভিন্ন জায়গায় রাস্তা তৈরির সময় ঠিকাদাররা জলের পাইপ ভেঙে দেওয়ার অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী বলেন, ওই ঠিকাদারকে জলের পাইপ সারিয়ে দেওয়ার দায়িত্ব নিতে হবে।

*************************

'স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল' বা স্যাট-এ দীর্ঘদিন বিচারপতি নিয়োগ হচ্ছে না বলে বিজেপি অভিযোগ করেছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল বিধানসভার বাইরে সাংবাদিকদের বলেন, স্যাট, ডি এ মামলা নিয়ে রাজ্য সরকারের বিরুদ্ধে রায় দেওয়ার পরেই বিচারপতি নিয়োগ বন্ধ রয়েছে। হাইকোর্ট ও সুপ্রিম কোর্টে যাওয়ার আগে, রাজ্য সরকারি কর্মীদের স্যাট-এ মামলা করতে হয়। এক্ষেত্রে বঞ্চিত হচ্ছেন কর্মচারীরা।

এদিকে, মাতঙ্গিনী হাজরার মূর্তির পাদদেশে যে সব গ্রুপ ডি চাকরি প্রার্থীরা ধর্না দিচ্ছেন, তারাও সুবিচার পাচ্ছেন না বলে জানান তিনি।

************************

৩০-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সপ্তম দিনে আজ সকালে নন্দনের তথ্যকেন্দ্রে পরিচালক কুমার সাহানির স্মরণে এক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সঞ্জয় মুখোপাধ্যায়, সন্দীপ চট্টোপাধ্যায়, রিমলি ভট্টাচার্য ও রত্নোত্তমা সেনগুপ্ত।

বিকেলে শিশির মঞ্চে আলোচনা "চলচ্চিত্র উৎসব তখন-এখন"-এ অংশ নেবেন জুডি গ্ল্যাডস্টোন, ভি.কে. চেরিয়ান, আমুধান আর. পি. , এন বিদ্যাশংকর প্রমুখ।

আজকের সিনে আড্ডার বিষয় "গানে ভুবন ভরিয়ে দেব"। উপস্থিত থাকবেন রূপঙ্কর বাগচী, রাঘব চট্টোপাধ্যায় প্রমুখ।

************************

রক্ষণাবেক্ষণ, যন্ত্রপাতি সারাই ইত্যাদি কাজের জন্য আগামী **১৬ ডিসেম্বর** সকাল ন'টা থেকে পরদিন ১৭ ডিসেম্বর সকাল ছটা পর্যন্ত টালা পাম্পিং স্টেশন থেকে জল সরবরাহ বন্ধ থাকবে। কলকাতা পুরসভার তরফে এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে। এর ফলে উত্তর ও মধ্য কলকাতার বেশ কিছু অংশ ও দক্ষিণ কলকাতার কসবা এলাকায় ওই সময় জল সরবরাহ বন্ধ থাকবে।

উল্লেখ্য , এর আগে পুরসভার তরফে জানানো হয়েছিল, রক্ষণাবেক্ষণের কাজের জন্য ১৪ই ডিসেম্বর রাতে টালা থেকে জল সরবরাহ বন্ধ থাকবে। ১৫ই ডিসেম্বর সকাল থেকে ফের জল সরবরাহ শুরু হবে।

*********************************************************************